

বাংলাদেশ দূতাবাস  
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি  
বিকেকে নং-১৩৫

**থাইল্যান্ডের রেডক্রস সোসাইটির মহাসচিবের সাথে মান্যবর রাষ্ট্রদূতের বৈঠক**

ব্যাংকক, ২০ মে ২০২২

আজ থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত জনাব মোঃ আবদুল হাই থাইল্যান্ডের রেডক্রস সোসাইটির মহাসচিব Mr. Taj Bunnag এর সাথে তাঁর কার্যালয়ে বৈঠক করেন।

উক্ত বৈঠকে বাংলাদেশের রেডক্রিসেন্ট সোসাইটি ও থাইল্যান্ডের রেডক্রস সোসাইটির মধ্যে দ্বিপাক্ষিক সহযোগিতার সুযোগ বৃদ্ধির বিষয়ে আলোচনা করেন। মান্যবর রাষ্ট্রদূত বাংলাদেশের রেডক্রিসেন্ট সোসাইটির সম্মানিত চেয়ারম্যান ও মহাসচিবের শুভেচ্ছা বার্তা থাইল্যান্ডের মহাসচিব - এর নিকট পৌঁছে দেন। উল্লেখ্য, বৈঠকে মান্যবর রাষ্ট্রদূত ২০১৮ ও ২০১৯ সালে থাইল্যান্ড রেডক্রস কর্তৃক বাংলাদেশের কক্সবাজারের রোহিঙ্গা ক্যাম্পে প্রয়োজনীয় চিকিৎসা সুবিধা ও সরঞ্জামাদি প্রদানের জন্য থাইল্যান্ড রেডক্রসকে ধন্যবাদ জানান। থাইল্যান্ডের রেডক্রস সোসাইটির মহাসচিব ২০০৩ সালে থাইল্যান্ডের পররাষ্ট্র সচিব থাকাকালে তাঁর বাংলাদেশ সফরের কথা স্মরণ করেন। আগামী জুন ২০২২ এ সুইজারল্যান্ডের জেনেভায় অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক রেডক্রস-এর সাধারণ অধিবেশনে দুই সংগঠনের মধ্যে দ্বিপাক্ষিক আলোচনা অনুষ্ঠিত হবে বলে জানান। এ আলোচনায় দ্বিপাক্ষিক সহযোগিতা বৃদ্ধির নতুন সুযোগ তৈরি হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। দূতাবাসের কাউন্সেলর ও দূতালয় প্রধান জনাব মোঃ মাসমুর রহমান মান্যবর রাষ্ট্রদূতের সাথে বৈঠকে উপস্থিত ছিলেন।

